ভোরের কাগজ

তারিখ 28 FEB 1998
পৃষ্ঠা ১২ কলাম ৫

155

বর্তমান সংসদের অভিষেক হয়নি

# এপ্রিলে নতুন ইউকসু নির্বাচনের সম্ভাবনা

কমল ঘোষ : বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) নির্বাচন আগামী এপ্রিলে অনুষ্ঠিত হতে পারে। এদিকে, গত ইউকসু নির্বাচনের মেয়াদ প্রায় পূর্ণ হতে চললেও নির্বাচিত সদস্যদের অভিষেক হয়নি।

গত ইউকসু নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে বিজয়ী হয়। কিন্তু নির্বাচনের প্রায় এক বছর হতে চললেও ইউকসু অভিষেক করতে পারেনি। তিনবার তারিখ ঘোষণার পরও অভিষেক অনুষ্ঠিত হয়নি। প্রথমবার তারিখ ঘোষণার পরেও অভিষেক না হওয়ার ব্যাপারে ইউকসু নেতৃবৃন্দ বুয়েট কর্তৃপক্ষের অর্থ বরাদ্দের কৃপণতাকে দায়ী করেছিলেন। কিন্তু কর্তৃপক্ষ এ অভিযোগ অস্বীকার করে ইউকসু নেতৃবৃন্দের আন্তরিকতার অভাবকে দায়ী করেছেন।

দ্বিতীয়বার অভিষেক অনুষ্ঠানের আমন্ত্রণপত্র ছাপা হওয়ার পরেও অনুষ্ঠানটি হয়নি। নাম প্রকাশে অনিচ্ছুক এক ইউকসু সদস্য জানান, অর্থ খরচের নেতৃত্ব নিয়ে ইউকসু নেতৃবৃন্দের মধ্যে কোন্দলের ফলে সেবার অভিষেক হয়নি। তৃতীয়বার গত ৪ ডিসেম্বর অভিষেকের তারিখ ঘোষণা করা হলেও টার্ম ফাইনাল পরীক্ষা এবং ইউকসু ভিপি, জিএস ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষিত হওয়ায় অভিষেক অনুষ্ঠিত হয়নি।

আগামী ইউকসু নির্বাচনকে কেন্দ্র করে ছাত্র সংগঠনগুলো নতুন করে ভাবতে শুরু করেছে। সংগঠনগুলো এখন ক্যাম্পাসে নিজেদের অবস্থান দৃঢ় ও ভাবমূর্তি উজ্জ্বল করার কার্যক্রম শুরু করে দিয়েছে। কর্তৃপক্ষও ভাবছে আগামী ইউকসু নির্বাচনের কথা।

ইউকসু নির্বাচন প্রসঙ্গে বুয়েট ছাত্রদলের সাধারণ সম্পাদক হাসিব সাইফ আহমেদ চৌধুরীর সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, ছাত্রদল নির্বাচনের প্রতি আন্তরিক। গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত থাকলে ছাত্রদল অবশ্যই আগামী ইউকসু নির্বাচনে অংশ নেবে।

ছাত্র ইউনিয়নের যুগ্ম আহ্বায়ক সৌমেন হাজরা জানান, বুয়েটের রাজনীতি স্থবিরতা কাটিয়ে এখন যে অবস্থানে পৌঁছেছে তাতে করে অবশ্যই এপ্রিলে ইউকসু নির্বাচন হওয়া উচিত।

বর্তমানে বুয়েট ছাত্রলীগের কোনো কমিটি না থাকায় শীর্ষ স্থানীয় বেশকিছু নেতার সঙ্গে আলাপ করে জানা গেছে তারাও এপ্রিলে ইউকসু নির্বাচন অনুষ্ঠানের পক্ষে।

এ ব্যাপারে বুয়েট উপাচার্য অধ্যাপক ইকবাল মাহমুদের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, সবকিছু ঠিকঠাক থাকলে আগামী এপ্রিলেই ইউকসু নির্বাচনের আয়োজন করা হবে।